

## 💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ১২৩

১/ ঈমান (کتاب الإيمان)

পরিচ্ছেদঃ ১/৮৭. আল্লাহ তা'আলার বাণী প্রসঙ্গেঃ তুমি তোমার নিকটাত্মীয়দের ভয় প্রদর্শন কর।

## আরবী

حَدِيْثُ أَبِيْ هُرَيْرَةَ رَضِيَ اللهُ عَنْهُ قَالَ قَامَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم حِينَ أَنْزَلَ اللهُ عَنَّ وَجَلَّ (وَأَنْدِرْ عَشِيرَتَكَ الْأَقْرَبِينَ) قَالَ يَا مَعْشَرَ قُرَيْشٍ أَوْ كَلِمَةً نَحْوَهَا اشْتَرُوا اللهُ عَنْكُمْ لِاَ أُغْنِي عَنْكُمْ مِنْ اللهِ شَيْئًا يَا بَنِي عَبْدِ مَنَافٍ لاَ أُغْنِي عَنْكُمْ مِنْ اللهِ شَيْئًا يَا عَبْدِ مَنَافٍ لاَ أُغْنِي عَنْكُمْ مِنْ اللهِ شَيْئًا يَا عَبْدِ مَنَافٍ لاَ أُغْنِي عَنْكُمْ مِنْ اللهِ لاَ أُغْنِي عَنْكَ مِنْ اللهِ لاَ أُغْنِي عَنْكَ مِنْ اللهِ لاَ أُغْنِي عَنْكَ مِنْ اللهِ شَيْئًا وَيَا صَفِيَّةُ عَمَّةَ رَسُولِ اللهِ لاَ أُغْنِي عَنْكِ مِنْ اللهِ شَيْئًا وَيَا صَفِيَّةُ عَمَّةَ رَسُولِ اللهِ لاَ أُغْنِي عَنْكِ مِنْ عَبْدِ اللهِ شَيْئًا وَيَا فَاطِمَةُ بِنْتَ مُحَمَّدٍ سَلِينِي مَا شِئْتِ مِنْ مَالِي لاَ أُغْنِي عَنْكِ مِنْ اللهِ شَيْئًا

## বাংলা

১২৩. আবৃ হ্রায়রাহ্ (রাযি.) হতে বর্ণিত। তিনি বলেন, যখন আল্লাহ্ তা'আলা কুরআনের এ আয়াতটি নাযিল করলেন, ''আপনি আপনার নিকটাত্মীদেরকে সতর্ক করে দিন'' (শু'আরাঃ ২১৪)। তখন আল্লাহর রসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম দাঁড়ালেন এবং বললেন, 'হে কুরায়শ সম্প্রদায়! কিংবা অনুরূপ শব্দ বললেন, তোমরা আত্মরক্ষা কর। আল্লাহর আযাব থেকে রক্ষা করতে আমি তোমাদের কোন উপকার করতে পারব না। হে বানূ আব্দ মানাফ! আল্লাহর আযাব থেকে রক্ষা করতে আমি তোমাদের কোন উপকার করতে পারব না। হে 'আব্বাস ইবনু 'আবদুল মুত্তালিব! আল্লাহর আযাব থেকে রক্ষা করতে আমি তোমার কোন উপকার করতে পারব না। হে সাফিয়্যাহ! আল্লাহর রসূলের ফুফু, আল্লাহর আযাব থেকে রক্ষা করতে আমি তোমার কোন উপকার করতে পারব না। হে ফাতিমাহ বিন্তে মুহাম্মদ! আমার ধন-সম্পদ থেকে যা ইচ্ছে চেয়ে নাও। আল্লাহর আযাব থেকে রক্ষা করতে আমি তোমার কোন উপকার করতে পারব

## ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ৫৫ : ওয়াসিয়াত, অধ্যায় ১১, হাঃ ২৭৫৩; মুসলিম, পর্ব ১: ঈমান, অধ্যায় ৮৯, হাঃ ২০৩

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন